

3

**শিক্ষাক্ষেত্রে কমনওয়েলথ  
সহযোগিতার ওপর  
গুরুত্ব আরোপ**

নাইরোবী, ২৪শে জুলাই (বাসস)।—কমনওয়েলথ শিক্ষামন্ত্রীরা শিক্ষাক্ষেত্রে সদস্য দেশগুলোর মধ্যে বহুস্তর সহযোগিতার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেছেন।

আজ কেম্ব্রিজ রাজধানীতে শিক্ষামন্ত্রীদের দশম কমনওয়েলথ সম্মেলন শেষে সর্বসম্মতক্রমে গৃহীত এক ইশতহারে মন্ত্রীরা কমনওয়েলথ সত্তা ও সহযোগিতার চূড়ান্ত বিকাশের প্রতিও গুরুত্ব আরোপ করেন।

ইশতহারে ব্যক্তিগত শিক্ষা শিক্ষক ও ছাত্রীদের কাজের গতিশীলতার আরো উন্নয়ন উচ্চ শিক্ষার সহযোগিতা এবং কমনওয়েলথ ফেলোশিপের সংখ্যা বৃদ্ধির প্রতি গুরুত্ব আরোপ করা হয়।

সম্মেলনে কমনওয়েলথের সদস্য দেশগুলোর মধ্যে দূর শিক্ষকের জন্যে একটি ওপেন ইউনিভার্সিটি প্রতিষ্ঠার বিষয় বিবেচনার প্রস্তাব করা হয় এবং নীতিগতভাবে তা গৃহীত হয়। চলতি বছর ডাম্বাভারে অনুষ্ঠিত রাষ্ট্র ও সরকার প্রধানদের পরবর্তী কমনওয়েলথ শীর্ষ বৈঠকে অন্যান্য বিষয়ের মধ্যে এ বিষয়টি পেশ করার সিদ্ধান্ত গৃহণ করা হয়।

সম্মেলনে বাংলাদেশের প্রতি-নিধি শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান সম্মেলনের বিজ্ঞান আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি সম্মেলনে জানান যে কমনওয়েলথের অন্যান্য অনেক দেশের মতো বাংলাদেশে ইতিমধ্যে দূরশিক্ষণ চালু হয়েছে এবং নিকট ভবিষ্যতে সেখানে একটি ওপেন ইউনিভার্সিটি স্থাপনের সিদ্ধান্ত গৃহণ করা হয়েছে।

জনাব রহমান বিজ্ঞান প্রযুক্তি ও সাংস্কৃতিক বিষয়ে শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক বিষয় নিয়ে জিব্বাভাই, কেম্ব্রিজ, বস্তরাজা বতসেয়ানা ও সেনেগালের প্রতি-নিধি ও মন্ত্রীদের সঙ্গে বৈঠকে মিলিত হন।